NYC Children

# স্বাগত

# Nicholas Scoppetta Children's Center

**492 1st Avenue**
**New York, NY**
**646-935-1411**

শিশু কেন্দ্রের ক্রিয়াকলাপ
কমিশনার David Hansell
ডেপুটি কমিশনার Winette Saunders
সহযোগি কমিশনার Rebecca Chew, Esq.



## শিশু কেন্দ্রে স্বাগত

শিশু কেন্দ্র পালিত শিশুদের সেবা প্রদানের ক্ষেত্রে একটা সুরক্ষিত স্থান। আমরা বুঝি যে এটা আপনার জন্য একটি কঠিন সময় হতে পারে। আমরা এখানে আপনাকে সহায়তা করার জন্য রয়েছি।

## কী ঘটে যখন আপনি শিশু কেন্দ্রে উপস্থিত হন?

আপনি ফস্টার কেয়ারে কেন প্রবেশ করছেন তার কারন(গুলি) জানানার জন্য **ইনটেক কর্মী** আপনার শিশু সুরক্ষা বিশেষজ্ঞ (Child Protective Specialist, CPS), পুলিশ অথবা ফস্টার কেয়ার এজেন্সি প্ল্যানারের কাছ থেকে তথ্য সংগ্রহ করবেন।

আপনি যখন শিশু কেন্দ্রে উপস্থিত হবেন তখন আপনার প্রয়োজনগুলোতে সাহায্য করতে একজন **নিয়োগ বিশেষজ্ঞ** আপনাকে স্বাগত জানাবেন।

আপনার স্বাস্থ্য পরীক্ষার জন্য আপনি একজন **নার্স**-এর সাথে দেখা করবেন। শিশু কেন্দ্রে আপনাদের সাহায্য করতে নার্সরা সপ্তাহে 7 দিন 24 ঘন্টাই রয়েছেন।

একজন **শিশু এবং পরিবার বিশেষজ্ঞ / সমাজ সেবক** আপনার সাক্ষাৎকার নেবেন, এটা বোঝার জন্য যে আপনার কোন ধরনের যত্ন চাই। অতিরিক্ত সাহায্যের জন্য আপনাকে একজন সেফ হরাইজন উপদেষ্টা, মানসিক স্বাস্থ্য দল, সাবস্ট্যান্স অ্যাবিউস উপদেষ্টা (CASAC), অথবা একজন শিক্ষা বিশেষজ্ঞ (Educational Specialist, ES)-এর কাছে রেফার করা হতে পারে এবং একজন **ইউথ অ্যাডভোকেটের** সাথে সংযুক্ত করা হতে পারে।

আপনাকে আপনার বয়স এবং লিঙ্গ পরিচিতি অনুযায়ী (নার্সারি, পূর্বকৈশোর প্রাপ্ত ছেলে/মেয়ে, কৈশোর প্রাপ্ত ছেলে/মেয়ে) পডে বরাদ্দ করা হবে। পডগুলি হচ্ছে দলের শোবার কোয়ার্টার। **শিশু যত্নের কর্মীরা** আপনাকে সহায়তা করতে এবং আপনার প্রশ্নের উত্তর দিতে 24/7 উপলব্ধ রয়েছেন।

## আমি এখান থেকে কোথায় যাব?

প্লেসমেন্ট অ্যাডমিনিস্ট্রেশন অফিস (Office of Placement Administration, OPA) আপনার অনন্য চাহিদাগুলোকে পূরণ করতে পারার মত অনুকুল জায়গা খোঁজার কাজ নিম্নলিখিতভাবে করবে:

- আপনাকে আত্মীয়তা পরিষেবার মাধ্যমে আপনার পরিবারের সাথে যুক্ত করা। আপনি আপনার পরিবার অথবা বন্ধু যাদের সাথে আপনি থাকতে পারবেন, তাদের বিষয়ে বলে সাহায্য করতে পারেন, যেমন একজন ঠাকুরমা, কাকা, কাকিমা অথবা তুতো ভাই।
- আপনার প্রয়োজন মেটানোর মতো কর্মসূচি খোঁজার জন্য আমরা বিভিন্ন সংস্থার সাথে যোগাযোগ করব।
- আপনার কাছে প্রশ্ন জিজ্ঞেস করার এবং আপনার জন্য ঠিক করা স্থানের বিষয়ে জানার সুযোগ থাকবে।

**পরিবহন।** আপনাকে স্কুল, আদালত, এবং ডাক্তারের অ্যাপয়েন্টমেন্টে নিয়ে যাওয়ার জন্য বাস এবং ভ্যান রয়েছে। আপনাকে সুরক্ষিত রাখতে কর্মীরা সাথে যাবেন।




**আমাদের কমিউনিটি বৃক্ষ**

**প্রোগ্রামিং।** বয়সানুসারে বিনোদনমূলক এবং শিক্ষনীয় ক্রিয়াকলাপ, ভালো থাকার কর্মসূচি সেইসঙ্গে আনন্দদায়ক স্থান ভ্রমণ করাও রয়েছে। উপযুক্ত কিশোর-কিশোরীদের শিশু কেন্দ্রের বাইরে যাওয়ার জন্য কমিউনিটি পাস পাওয়ারও সুযোগ হতে পারে।

**খাবার।** শিশু কেন্দ্রের সুস্থতা যোজনা এটা নিশ্চিত করে যে আপনাদের ভালো এবং স্বাস্থ্যকর খাওয়ার দেওয়া হবে, সেই সঙ্গে সারাদিন ধরে শারীরিকভাবে সক্রিয় থাকতেও সুযোগ পাবেন। কল্যাণ নীতির কপি অনুরোধ অনুযায়ী লভ্য রয়েছে।

**পরিবার এবং ভাইবোনের ভিজিট।** আপনি আপনার ভাই এবং /অথবা বোনেদের সাথে কাটানোর মতো সময় পাবেন। আপনার পরিবার, আইনজীবী অথবা সমাজ সেবকের সাথে এখানে, ফোন যোগে, ভিডিও চ্যাটের মাধ্যমে অথবা শিশু কেন্দ্রের বাইরে যেকোনো জায়গায় ভিজিট করা যেতে পারে।

**সুরক্ষা।** আমরা আপনাকে সুরক্ষিত দেখতে চাই! ACS শান্তি কর্মকর্তা (Peace Officer)-রা এই স্থানে রয়েছেন এটা নিশ্চিত করতে যে আপনি সুরক্ষিত।

## প্লেসমেন্টের জন্য অপেক্ষা করার সময় আপনি কী করতে পারেন?

- শিশু কেন্দ্রের কর্মসূচির নিয়ম অনুসরণ করুন।
- ধৈর্যশীল হন। আমরা আপনার জন্য কোনো প্লেসমেন্ট খুঁজতে কাজ করছি।
- যেকোনো প্রাপ্তবয়স্ককে যেকোনো সময়ে প্রশ্ন করতে পারেন এবং সহায়তার জন্য বলতে পারেন।

শিশু কেন্দ্রে থাকার সময় আপনি এবং সহায়তাকারী-দল পরস্পরই একে অপরের প্রতি **সাহায্যের হাত বাড়িয়ে দেবেন (REACH)** বলে আশা করা হয়:

**R - সম্মান করা (Respect)**

**E - সহানুভূতি দেখানো/উৎসাহ যোগানো (Empathize/Encourage)**

**A - মহত্ত্বের আকাঙ্ক্ষা করা (Aspire for greatness)**

**C - যোগাযোগ করা (Communicate)**

**H - আশা রাখা (Hope)**

## অনুসরণ করার নিয়ম ও নির্দেশিকা:

1. ব্যক্তিগত পরিসরকে সম্মান করুন
2. ব্যক্তিগত স্বাস্থ্যবিধি মেনে চলুন
3. নির্দেশিকা অনুসরণ করুন
4. কর্মী এবং অন্যান্য বাসিন্দাদের সম্মান করুন

**শূন্য সহনশীলতা এলাকা**

**কোনো মারপিট নয়**

**কোনো সম্পত্তি নষ্ট করা নয়**

**কোনো চুরি নয়**

**কোনো বুলি করা নয়**

**কোনো কর্মী এবং/অথবা অন্যান্য বাসিন্দাকে আক্রমণ করা নয়**

**কোনো নিষিদ্ধ কাজ নয় (যেমন মাদক, হাতিয়ার, দুষ্টদল সংশ্লিষ্ট সাজপোশাক)**

# শিশুর জন্য আইনজীবী

## শিশুর জন্য আইনজীবী (AFC) কে?

- AFC হচ্ছেন একজন বিশেষ শিক্ষায় শিক্ষিত এবং শংসাপত্র প্রাপ্ত নির্দিষ্ট আইনজীবী যিনি আদালতে আপনার প্রতিনিধিত্ব করবেন।
- তাদের স্টেট নিযুক্তি দেয় এবং তারা আপনাকে ছাড়া কারুর জন্য কাজ করেন না।
- আপনার ইচ্ছেগুলো ভালোভাবে জেনে আপনার হয়ে কথা বলাই তাদের দায়িত্ব।

## কখন একজন AFC বরাদ্দ করা হয়?

- পিতামাতা অথবা অভিভাবক যদি দুর্ব্যবহার এবং/অথবা অবহেলা করার অভিযোগে অভিযুক্ত হন।
- পিতামাতা অথবা অভিভাবক তত্বাবধানের দায়িত্ব অথবা দেখা করার অধিকার চান।
- পিতামাতা অথবা অভিভাবক আপনাকে ফস্টার কেয়ারে রেখেছেন।
- নাবালক অথবা নাবালিকা বিশেষ সমস্যায় রয়েছে অথবা অতিরিক্ত তদারকির প্রয়োজন।

## AFC-এর দায়িত্বের সারাংশ

- আদালতের দ্বারা আপনার কেসে নিযুক্তি দেওয়ার সাথে সাথে আপনাকে প্রতিনিধিত্ব করতে শুরু করেন।
- আদালতে শুনানির আগে আপনার সাথে দেখা করেন।
- আদালতের সমস্ত প্রক্রিয়ায় আপনাকে প্রতিনিধিত্ব করে আপনার হয়ে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন।
- আপনার সাথে নিয়মিত সাক্ষাৎ করেন এবং যোগাযোগ বজায় রাখেন।
- আপনার কাগজপত্রের এবং ইতিহাসের পুনর্মূল্যায়ন করেন এবং আপনার সাথে জড়িত মানুষের সাথে কথা বলেন।
- আপনার জন্য সমস্ত বিকল্প বিবেচনা করেন এবং সেগুলি আপনাকে ব্যাখ্যা করেন।
- আপনার জন্য উপলব্ধ থাকেন।

# প্রায়শই জিজ্ঞাস্য প্রশ্ন

### আমি কী আশা করব?

AFC যে তাদের কাজ করছেন সেটার আশা রাখুন। তারা আপনাকে শ্রেষ্ঠ সিদ্ধান্ত নিতে সাহায্য করতে আপনাকে এবং কিছুটা আপনার জীবন সম্বন্ধেও জানার চেষ্টা করবেন।

### AFC আমার থেকে কী আশা করবেন?

তারা আপনাকে খোলাখুলি এবং সৎ হতে সেই সঙ্গে আপনার সাহায্য করার উদ্দেশ্যে তাদের সাহায্য করতে আশা করবেন।

### আমরা কী বিষয়ে কথা বলেছি তা আমার AFC কি কাউকে বলে দেবেন?

আপনি আপনার AFC-কে যাকিছু বলেছেন সবকিছুই গোপন থাকবে, যতক্ষণ না আপনি বর্তমানে নিজেকে অথবা অন্যদের অনিষ্ট করছেন, নিজেকে অথবা অন্যদের অনিষ্ট করতে ইচ্ছুক, অথবা অন্য কেউ আপনার অথবা অন্যদের অনিষ্ট করছে।

### আমার AFC কি পরিষেবা পরিকল্পনার পুনর্মূল্যায়নে আসতে পারবেন?

আপনার AFC কে সেসবে আমন্ত্রিত করতে হবে।

# প্রায়শই জিজ্ঞাস্য প্রশ্ন

**আমি কি আদালতে যেতে পারব?**
আপনার যাওয়া উচিত কি না অথবা কী ধরনের পরিস্থিতিতে আপনি আদালতে উপস্থিত থাকবেন সে বিষয়ে আপনার AFC-র সাথে কথা বলুন।

**কী হবে যদি আমি একজন JD/PINS কিশোর হই?**
আপনার AFC আপনার পক্ষের আইনজীবী।

**কী করতে হবে যদি আপনার মনে হয় যে আপনার অধিকারগুলোকে সম্মান করা হচ্ছে না?**
শিশু কেন্দ্রের শিশু যত্নে নিয়োজিত কর্মী অথবা শিশু এবং পরিবার বিশেষজ্ঞ (CFS) কে বলুন।

# সাধারণ শব্দের শব্দকোষ

**আইনজীবী:** একজন মানুষ যিনি একজন মানুষকে অথবা কোনো কারণকে সমর্থন করতে অথবা রক্ষা করতে কথা বলেন অথবা লেখেন।

**ফৌজদারি আদালত:** যে আদালত ফৌজদারি মামলা সামলায়, যার সাথে বেআইনি ক্রিয়া জড়িত।

**অভিভাবকত্ব:** কারো জন্য আইনিভাবে দায়ী হওয়ার স্থিতি।

**পারিবারিক আদালত:** যে আদালত পরিবারের, কিশোরের এবং শিশুদের বিভিন্ন সমস্যা নিয়ে কাজ করে।

**ফস্টার কেয়ার:** একটি জায়গা যেখানে কিশোর-কিশোরী এবং তাঁদের পরিবার প্রয়োজন অনুসারে যত্ন এবং সমর্থন পাওয়ার সময়ে বসবাস করতে পারেন। উদ্দেশ্যটি হচ্ছে একটি সুরক্ষিত ঘর প্রদান করা এবং ভালো থাকা বজায় রাখা যখন তাঁদের পিতামাতারা তা পারছেন না।

**JD (অপ্রাপ্তবয়স্ক অপরাধী):** একজন 7-18 বছরের কিশোর-কিশোরী যে অপরাধ করেছে। তাদের ফস্টার কেয়ার রাখা হতে পারে।

**ট্রায়াল ডিসচার্জ:** একটি সময়কাল (কমপক্ষে 6 মাস) যখন ফাইনাল ডিসচার্জের আগে কোনো কিশোর-কিশোরী ফস্টার কেয়ারে একা অথবা পিতামাতা, আত্মীয়, অথবা অন্য প্রাপ্তবয়স্ক স্থায়িত্বের উৎসের সাথে বাস করছেন।

**সাক্ষাতের পরিকল্পনা:** ফস্টার কেয়ারে থাকা একটি কিশোর-কিশোরীর তাঁর পরিবারের সাথে দেখা করার, সেই সঙ্গে কত ঘন ঘন, কতক্ষণ এবং কোথায় দেখা হবে এবং আদৌ সেই সাক্ষাতগুলি তদারকি করতে হবে কি না তার পরিকল্পনা।

# অধিকারের বিল

## 1. একটি সুরক্ষিত এবং স্বাস্থ্যকর ঘরে থাকার অধিকার

আপনার একটা সুরক্ষিত ঘরে থাকার এবং পিতামাতা, পালিত পিতামাতা, ঘরের কর্মীর দল অথবা আপনার কেসের অভিভাবকরা সহ কারো দ্বারা শোষিত না হওয়ার অধিকার রয়েছে। আপনার খাদ্যের এবং পোশাকের অধিকার রয়েছে যা যথার্থ এবং স্বাস্থ্যকর।

## 2. ন্যায্যভাবে এবং সম্মানের সাথে ব্যবহার পাওয়ার অধিকার

আপনার ভালো ব্যবহার পাওয়ার এবং লিঙ্গ, জাতি, ধর্ম, যৌন দৃষ্টিভঙ্গি অথবা মানসিক অথবা শারীরিক স্বাস্থ্যের কারণে কোনো বৈষম্যের সম্মুখীন না হওয়ার অধিকার রয়েছে। শুধুমাত্র ফস্টার কেয়ারে রয়েছেন বলে আপনার সাথে খারাপ ব্যবহার করা যাবে না!

## 3. পিতামাতাকে দেখার এবং আপনার শিশুদের সাথে থাকার অধিকার

আপনার পরিবারের সদস্যদের, ভাইবোনদের, পিতামাতার এবং পিতামহ-মহী, মাতামহ-মহীর সাথে দেখা করার অধিকার রয়েছে কারণ এটা আদালতের কাছে যথার্থ বলে গণ্য। যখন সম্ভব আপনার নিজের শিশুদের দেখার এবং তাদের সাথে থাকার অধিকার রয়েছে সেইসঙ্গে তাদের জন্য বাছাই করারও যেহেতু এটা আদালতের কাছে যথার্থ বলে গণ্য।

## 4. ভাইবোনেদের সাথে থাকার অথবা তাঁদের সাথে দেখা করার অধিকার

যদি সম্ভব হয় তবে আপনার ভাইবোনেদের সাথে থাকার অধিকার রয়েছে এবং যদি সম্ভব নয় তবে তাদের সাথে দেখা করার অধিকার রয়েছে যেহেতু এটা আদালতের কাছে যথার্থ বলে গণ্য এবং যদি কোনো বাধা এটাকে না আটকায়।

## 5. আপনার দেশের কর্মীদের যোগাযোগের তথ্য জানার অধিকার

আপনার আইনজীবী, কেস কর্মী এবং কেস কর্মীদের কর্মকর্তাদের জানার অধিকার রয়েছে। মাসে অন্তত একবার আপনার কেস কর্মীদের সাথে দেখা করার অধিকার রয়েছে এবং আপনার কেস কর্মীদের সাথে, আইনজীবীদের সাথে এবং/অথবা কেসকর্মীদের কর্মকর্তাদের সাথে একান্ত ভাবে কথা বলার অধিকার রয়েছে। আপনার ব্যক্তিগত তথ্য গোপন রাখার এবং যাদের আইনত অধিকার রয়েছে শুধুমাত্র তাদেরই দেওয়ার অধিকার রয়েছে।

## 6. নিষ্ঠুর অথবা অযথা শাস্তি থেকে মুক্ত থাকার অধিকার

শারীরিক আঘাত, বুলি হওয়া অথবা অন্যদের থেকে আলাদা করে রাখা সহ আপনার নিষ্ঠুর অথবা অযথা শাস্তি থেকে মুক্ত থাকার অধিকার রয়েছে। আপনাকে কেউ খাদ্য, জল, অথবা ঘুম থেকে বঞ্চিত রাখতে পারে না। কেউ আপনাকে শাস্তি হিসাবে আপনার পরিবারকে দেখার অধিকার থেকে বঞ্চিত রাখতে পারে না। কারণহীনভাবে আপনাকে অনুশাসিত করা যাবে না এবং আপনাকে কেন শাসন করা হচ্ছে এটা আপনার অবশ্যই জানা উচিত।

### 7. স্থায়িত্বের লক্ষ্যে আপনার কন্ঠস্বর থাকার অধিকার

আপনার ভবিষ্যতের বিষয়ে কথা বলার অধিকার ও আদালতকে আপনার ইচ্ছেগুলোকে বিবেচনা করানোর অধিকার আপনার রয়েছে। আপনার বয়সের ওপর ভিত্তি করে, আপনার স্থায়িত্বের শুনানিতে অংশগ্রহণ করার অধিকার রয়েছে। আপনার ফস্টার কেয়ার ছাড়ার পর আপনার কেস কর্মীদের সাথে যোগাযোগ রাখার অধিকারও থাকতে পারে।

### 8. স্বাস্থ্য, দাঁতের, দৃষ্টির, মানসিক এবং আচরণগত স্বাস্থ্যের নিয়মিত পরিষেবা পাওয়ার অধিকার

দাঁতের, দৃষ্টির, মানসিক এবং আচরণগত স্বাস্থ্যের নিয়মিতভাবে যত্ন পাওয়ার অধিকার আপনার রয়েছে। স্বাস্থ্যসম্মত এবং সুরক্ষিত যৌন অভ্যাসসমূহের বিষয়ে জানার সেইসঙ্গে প্রজননগত স্বাস্থ্যের বিষয়েও বিভিন্ন তথ্য জানার অধিকার আপনার রয়েছে। আপনার 18 বছর হওয়ার পর, জন্ম শংসাপত্র, সামাজিক সুরক্ষা কার্ড, মেডিক্যাল রেকর্ড, রাজ্যের দ্বারা অনুমোদিত পরিচিতি পাওয়ার অধিকার রয়েছে।

### 9. HSE ডিপ্লোমা অথবা হাই স্কুল ডিপ্লোমা পাওয়া পর্যন্ত শিক্ষার অধিকার

HSE ডিপ্লোমা অথবা হাই স্কুল ডিপ্লোমা পাওয়া পর্যন্ত বিনামূল্যে এবং যথার্থ শিক্ষা পাওয়ার অধিকার আপনার রয়েছে। আপনার স্টেটে অথবা স্টেটের বাইরের কলেজে এবং বৃত্তিমূলক কর্মসূচিতে আবেদন করতে সাহায্য চেয়ে অনুরোধ করার অধিকার আপনার রয়েছে।

### 10. বয়স অনুসারে যথার্থ ক্রিয়াকলাপে অংশগ্রহণ করার অধিকার

আপনার বয়স অনুসারে সঠিক এমন কাজগুলোতে অংশগ্রহণ করার অধিকার আপনার রয়েছে, যেমন স্কুলের ক্রিয়াকলাপ, গ্রীষ্মকালীন ক্রিয়াকলাপ, এবং কাজের অভিজ্ঞতা। এবং আপনি কোনো ধর্ম অনুসরণ করলে তার চর্চা করার। আপনি যখন 16 বছর বয়সে পৌঁছাবেন, চালকের লিসেন্সের আবেদন করতে এবং চাকরি পেতে গাইডেন্স পাওয়ার অধিকার আপনার আছে।

---

## কী করতে হবে যদি আপনি মনে করেন যে আপনার অধিকারগুলিকে সম্মান করা হচ্ছে না

যারা আপনার অধিকারগুলিকে অসম্মান করে তাদের বিরুদ্ধে রিপোর্ট করার অধিকার আপনার রয়েছে এবং তাদের বিরুদ্ধে রিপোর্ট করার জন্য আপনাকে শাস্তি দেওয়া যাবে না।

- শিশু কেন্দ্রের শিশু যত্নে নিয়োজিত কর্মী অথবা শিশু এবং পরিবার বিশেষজ্ঞ (CFS) কে বলুন।
- আপনার কেস কর্মীকে অথবা তাদের কর্মকর্তাদের বলুন। আপনি তাদের সাথে গোপনে কথা বলতে অনরোধ করতে পারেন।
- আপনার আইনজীবীকে বলুন। আপনার সাথে হওয়া কথোপকথনের বিষয়ে তা অন্য কাউকে বলতে পারেন না, যতক্ষণ না আপনি অনুমতি দেন অথবা যদি আপনার সুরক্ষা বিপদে থাকে।

# শিশু কেন্দ্রের উদ্দেশ্য, মিশন, দৃষ্টিকোণ এবং মূল্যবোধ

## উদ্দেশ্য:

আমরা বিশ্বাস করি প্রতিটি শিশু আমাদের যত্নে থাকাকালীন সুরক্ষা, খুশি, স্বাস্থ্য এবং ভালোবাসা দাবি করে, তা তারা যত কম অথবা দীর্ঘ যে সময়ই থাকুক না কেন।

## মিশনের বিবৃতি:

একটা সাময়িক জীবনের পরিবেশ, যা অবিচার্য, সহায়ক, যত্নশীল এবং কাঠামোগত, যা অতীত এবং চলিত মানসিক আঘাতকে নিরাময়ের চেষ্টা করে।

## দৃষ্টিকোণ:

শিশু কেন্দ্রে থাকার পর শিশু অথবা কিশোর তাদের বসতির বদল মেনে নিতে অথবা স্থায়িত্ব অর্জন করতে প্রস্তুত হবে।

## আমাদের কিশোর-কিশোরীদের যত্ন করতে আমরা যেসব মূল্যবোধ ধারণ করি:

1. গ্রহণযোগ্যতা
2. করুণা
3. সম্মান করা
4. সমতা
5. বৃদ্ধি,শিক্ষা এবং বিকাশ
6. আত্মসম্মানের প্রচার করা
7. আত্মপরিচয় সংরক্ষণ করা
8. সহনশীলতা

## আমাদের কর্মক্ষেত্রে যেসব মূল্যবোধ আমরা ধারণ করি:

1. দলগত কাজ
2. জবাবদিহিতা
3. পেশাগত বিকাশ
4. যোগাযোগের খোলা দিকগুলি
5. সহমর্মিতা এবং বোঝাপড়া

আমার নাম: ____________________

আমার কেস পরিকল্পনা: ____________________

আমার আইনজীবী: ____________________

আমার CFS: ____________________

দ্রষ্টব্য: ____________________

*Laura Postiglione*-এর দ্বারা ডিজাইন করা